# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন
## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম: এপ্রিল/২০২৬**

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | - | ০৮ | ০৮ | ০৯ | ১৭ | ০৮ | পরিশিষ্ট-ক | ০৯ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | ০১ | - | ০১ | ০২ | ০৩ | ০২ | পরিশিষ্ট-ক | ০১ | ঐ |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | ০২ | ০২ | - | ০২ | - | - | ০২ | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | - | ০৫ | ০৫ | ০১ | ০৬ | ০২ | পরিশিষ্ট-ক | ০৪ | - |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) | ০৩ | ০৪ | ০৭ | ০১ | ০৮ | ০৮ | পরিশিষ্ট-ক | ০৮ | - |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | - |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | - |
| পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | - | - | - | - | - | - | - | - |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | - |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | - |
| মোট | ০৪ | ১৯ | ২৩ | ১৩ | ৩৬ | ২০ | - | ২৪ | |

১। **শিল্প মন্ত্রণালয়:**

**(ক)** Complaint Regarding illegal Teacher Appointment At Kashipur High School & College সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব মোঃ আলী হোসেন নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(খ)** মেসার্স হামিম ইন্টারন্যাশনাল, প্লট: এ-০৪, জমির পরিমাণ: ২৫,৪৬০ বর্গফুঠ, শিল্প নগরী (সম্প্রসারণ), মাদারীপুরের অনুকূলে জমির কিস্তি বাবদ অতিরিক্ত গ্রহণকৃত ৬,৫৯,০১৭.৬১ (ছয়লক্ষ উনষাট হাজার সতেরো টাকা একষট্টি পয়সা মাত্র) টাকা ফেরত প্রদান সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব লুবনা খানম নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) সংশ্লিষ্ট। প্রাপ্ত অভিযোগটি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

**(গ)** মেসার্স হাবিবা কনস্ট্রাকশন, প্লট: এ-০৩, জমির পরিমাণ: ২৫,৪৬০ বর্গফুঠ, শিল্প নগরী (সম্প্রসারণ), মাদারীপুর এর অনুকূলে জমির কিস্তি বাবদ অতিরিক্ত গ্রহণকৃত ৬,৫৯,০১৭.৬১ (ছয়লক্ষ উনষাট হাজার সতেরো টাকা একষট্টি পয়সা মাত্র) টাকা ফেরত প্রদান সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব মীর হাবিবুর রহমান নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) সংশ্লিষ্ট। প্রাপ্ত অভিযোগটি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

**(ঘ)** বিসিকের সম্প্রসারণ কর্মকর্তা, মোসাদ্দেক হোসেন সুজন (গাইবান্ধা জেলা সদর, ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন হতে বদলীকৃত, মৌলভীবাজার ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন সদর) যদি অফিস হতে কোন ধরনের ছুটি চাই, সে কেন ছুটি চাচ্ছে সে সম্পর্কে যথাযথ তদন্তপূর্বক ছুটি প্রদান, পাশাপাশি ৩০/০৪/২০২৬ তারিখে সে যদি ছুটি চায় তা না মঞ্জুর করার জন্য আবেদন বিষয়ে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) সংশ্লিষ্ট। প্রাপ্ত অভিযোগটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

**(ঙ)** শিক্ষা ব্যবস্থা সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব আদনান জামান নিয়ম (০১৩০১১০৫৬৪৫) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(চ)** ১৯৭৯ সালের চাকুরী বিধির ১৩(১), ১৪(১) ও ১৪(২) ধারা লংঘন করে আমাকে সাময়িক বরখাস্ত করায় এবং শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অমান্য করায় প্রধান শিক্ষক মোহাম্মদ কাইচার লিটন এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ আমাকে স্বপদে পুনর্বহালকরণ প্রসঙ্গে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(ছ)** সিবিএ নির্বাচন বিলম্ব, শ্রমিকদের অধিকার হরণ ও প্রশাসনিক নিষ্ক্রিয়তার বিরুদ্ধে অনলাইনে জনাব তালহা জুবায়ের (০১৮৯০৩৩৪৫৭৫) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(জ)** কলেজের দুর্নীতি ও অতিরিক্ত টাকা আদায় প্রসঙ্গে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।



R

২। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি):
নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

i. গত ১৯-০১-২০২৬ তারিখ সময় টিভিতে সংস্থার আওতাধীন বিআইএসএফ লি: এর দু'জন কর্মকর্তার বিরুদ্ধে অনিয়মের অভিযোগ প্রচারিত হয়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সংস্থা হতে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদনে বর্ণিত দু'জন কর্মকর্তার বিরুদ্ধে অনিয়মের অভিযোগ প্রমাণিত হয়নি বিধায় বিষয়টি নথিভুক্তির মাধ্যমে জিআরএস হতে নিষ্পত্তি মর্মে গণ্য করা যেতে পারে।

ii. শিল্প মন্ত্রণালয়ের এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা হতে গত ০৭-০১-২০২৬ তারিখের স্মারক নং-৩৬.০০.০০০০.০৯৩.২৭.০৩০.২০(অংশ-৪)-০৩ দ্বারা সংস্থার আওতাধীন সিইউএফএল এর ব্যবস্থাপনা পরিচালকের বিরুদ্ধে Foreign & Local টেন্ডার করার পর পছন্দের পার্টিকে কাজ দেয়া, IOTM এর মাধ্যমে যে সকল Machinery/Equipment এবং Spare parts ক্রয় করা যায় তাহা ২/৩টি Silent local agent এর দ্বারা DPM এর মাধ্যমে ক্রয় সংক্রান্ত অভিযোগে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্তে অভিযোগ প্রমাণিত না হওয়ায় বিষয়টি নথিভুক্তির মাধ্যমে জিআরএস হতে নিষ্পত্তি মর্মে গণ্য করা যেতে পারে।

৩। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):
নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(i) জনাব মোছাদ্দেক হোসেন সুজন, সাবেক সম্প্রসারণ কর্মকর্তা, বিসিক জেলা কার্যালয়, গাইবান্ধা ও বর্তমানে সম্প্রসারণ কর্মকর্তা, বিসিক জেলা কার্যালয়, মৌলভীবাজার এর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকায় বিসিকের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর আলোকে সাময়িক বরখাস্ত করার জন্য জনাব জি, আর, এম মিনহাজুর রহমান (স্বপন) জিআরএস অনলাইনে গত ২৮.০৩.২০২৬ খ্রি. তারিখে আবেদন করেন। সে পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট বিষয়ে মতামত গ্রহণের জন্য অভিযোগটি আইন সেল প্রধান, বিসিক, ঢাকার নিকট প্রেরণ করা হয়। আইন সেল হতে নিম্নোক্ত মতামত প্রদান করা হয়:

"জনাব মোছাদ্দেক হোসেন সুজন-এর বিরুদ্ধে দায়েরকৃত ০৩ (তিন)টি মামলা ব্যক্তিগত ও পারিবারিক। মামলাগুলো বিসিকের দাপ্তরিক কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করা কিংবা তাকে ছুটিতে পাঠানোর মতো কোন যুক্তিসঙ্গত কারণ নেই মর্মে প্রতীয়মান হয়। এছাড়া তাঁর বিরুদ্ধে আদালত কর্তৃক কোনো প্রকার শাস্তিমূলক আদেশ বা কারাগারে সোপর্দ হওয়া বা গ্রেফতার সংক্রান্ত কোন দাপ্তরিক পত্র/তথ্য পাওয়া যায়নি। এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করা সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়।" আইন সেল হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে ০৮.০৪.২০২৬ তারিখে অভিযোগটি নিষ্পত্তি করা হয়।

(ii) জনাব মোছাদ্দেক হোসেন সুজন, সাবেক সম্প্রসারণ কর্মকর্তা, বিসিক জেলা কার্যালয়, গাইবান্ধা ও বর্তমানে সম্প্রসারণ কর্মকর্তা, বিসিক জেলা কার্যালয়, মৌলভীবাজার এর বিরুদ্ধে ফৌজদারী মামলা থাকায় উক্ত মামলায় হাজিরা প্রদানে বিসিক হতে সংশ্লিষ্ট কর্মকর্তাকে ছুটি প্রদান না করার জন্য জনাব জি, আর, এম মিনহাজুর রহমান (স্বপন) কর্তৃক গত ১৭.০৪.২০২৬ খ্রি. তারিখে জিআরএস অনলাইনে আবেদন দাখিল করেন।

জনাব মোছাদ্দেক হোসেন সুজন সম্প্রসারণ কর্মকর্তা হিসেবে বিসিক জেলা কার্যালয়, মৌলভীবাজারে কর্মরত রয়েছে বিধায় তাঁর ছুটি মঞ্জুরের বিষয়টি স্থানীয় কার্যালয়ের এখতিয়ারভুক্ত।

এছাড়া অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) এর ৮ নং ধারায় নিম্নোক্ত বিষয় উল্লেখ রয়েছে:

"কোনো অভিযোগকারী অভ্যাসগতভাবে অসত্য এবং কাউকে হয়রানি করার জন্য কিংবা অন্য কোনো অসৎ উদ্দেশ্যে অভিযোগ দাখিল করেন মর্মে প্রমাণিত হলে অনিক-এর সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট আপিল কর্মকর্তা উক্ত অভিযোগকারীকে কালো তালিকাভুক্ত করতে পারবেন। এরূপ কালো তালিকাভুক্ত ব্যক্তির নিকট থেকে পরবর্তী সময়ে প্রাপ্ত কোনো অভিযোগ কর্তৃপক্ষ বিনা পদক্ষেপে খারিজ করতে পারবেন। তাছাড়া তালিকাভূক্ত কোন অভিযোগকারী অনলাইনে কোন অভিযোগ দাখিলে অনুমতি পাবেন না।"

জিআরএস এর রেকর্ড পর্যালোচনায় দেখা যায় যে, জনাব জি. আর. এম মিনহাজুর রহমান (স্বপন) কর্তৃক ইতোপূর্বে এ সংক্রান্ত বিষয়ে একাধিকবার অযৌক্তিক আবেদন দাখিল করা হয়েছিল যা বিধি মোতাবেক নিষ্পত্তি করা হয়েছে। আবেদনকারী কর্তৃক দাখিলকৃত বিবেচ্য আবেদনটি উদ্দেশ্য প্রণোদিতভাবে হয়রানির জন্য করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়। এমতাবস্থায়, অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) এর ৮ নং ধারা মোতাবেক জনাব জি. আর. এম মিনহাজুর রহমান (স্বপন) এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

বর্ণিতাবস্থায়, অভিযোগটি ২৭.০৪.২০২৬ খ্রি. তারিখে নিষ্পত্তি করা হয়েছে।

৪। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই):

নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(ক) ০১/০৪/২০২৬ তারিখে উপজেলা প্রশাসন, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ এর উদ্যোগে এবং বিএসটিআই আঞ্চলিক কার্যালয় নরসিংদী এর সহায়তায় কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলায় একটি মোবাইলকোর্ট পরিচালিত হয়। উক্ত মোবাইলকোর্টে মেসার্স বৈশাখী ফিলিং স্টেশন, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ প্রতিষ্ঠানটিতে জ্বালানী তৈল এর মান বজায় রাখতে সতর্ক করা হয়। সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব রিফাত জাহান মহোদয়ের নেতৃত্বে পরিচালিত মোবাইলকোর্টে প্রসিকিউটর হিসেবে উপস্থিত ছিলেন বিএসটিআই, নরসিংদী অফিসের কর্মকর্তা জনাব শেখ রাসেল ও জনাব অনিন্দ্য দে, পরিদর্শক (মেট্রোলজি)।

(খ) ০১/০৪/২০২৬ তারিখে জেলা প্রশাসন, নরসিংদী এর উদ্যোগে বিএসটিআই আঞ্চলিক কার্যালয় নরসিংদী এর সহায়তায় নরসিংদী জেলার সদর উপজেলায় একটি মোবাইলকোর্ট পরিচালিত হয়। উক্ত মোবাইলকোর্টে রাত ৭:৩০ হতে রাত ১১:০০ টা পর্যন্ত নরসিংদী জেলার পাঁচদোনা এলাকায় দুইটি আলাদা মোবাইলকোর্ট পরিচালিত হয়। উক্ত মোবাইল কোর্টে:-

i. মেসার্স আয়াজ এন্টার প্রাইজ, পাঁচদোনা, মাধবদী, নরসিংদী প্রতিষ্ঠানটি অবৈধভাবে জ্বালানি তেল (ডিজেল, অকটেন। মজুদ করে বৈধ ভেরিফিকেশনবিহীন লিটার মেজার্স ব্যবহার করে এবং পরিমাণে কম দিয়ে বিক্রয় করার অপরাধে টাকা-৫০,০০০/- (পঞ্চাশ হাজার) মাত্র জরিমানা করা হয়।

ii. মেসার্স হুমায়ুন এন্টার প্রাইজ, পাঁচদোনা, মাধবদী, নরসিংদী নামীয় প্রতিষ্ঠানটি অবৈধভাবে জ্বালানি তেল (ডিজেল, অকটেন) মজুদ করে বৈধ ভেরিফিকেশনবিহীন লিটার মেজার্স ব্যবহার করে এবং পরিমাণে কম দিয়ে বিক্রয় করার টাকা-৪০,০০০/- (চল্লিশ হাজার) মাত্র জরিমানা করা হয়। মজুদকৃত জ্বালানি তেল জব্দ করে নির্দেশনা অনুযায়ী (ডিজেল ৬০০ লিটার, অকটেন ২৮০ লিটার) সরকারি মূল্য অনুযায়ী বিক্রয় করে প্রাপ্ত টাকা-৯৩,৬০০/- (তিরানবাই হাজার ছয় শত) মাত্র রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়। যথাক্রমে জনাব মোঃ খালিদ হোসেন শিমুল, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী মহোদয় এবং জনাব মোঃ মাসুদ রানা,, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী মহোদয়ের নেতৃত্বে পরিচালিত মোবাইল কোর্ট দুইটিতে প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, নরসিংদী এর কর্মকর্তা জনাব কাজী সখাওয়াত হোসেন মনি, পরিদর্শক (মেট্রোলজি)।

(গ) ০৯/০৪/২০২৬ তারিখে উপজেলা প্রশাসন, কটিয়াদী, কিশোরগঞ্জ এর উদ্যোগে এবং বিএসটিআই আঞ্চলিক কার্যালয় নরসিংদী এর সহায়তায় কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলায় দুইটি মোবাইলকোর্ট পরিচালিত হয়। দুইটি আলাদা মোবাইলকোর্ট পরিচালিত হয়। উক্ত মোবাইলকোর্টে:-

i. AR স্টিল, কটিয়াদী বাজার, কটিয়াদী এর ওজন যন্ত্রের ভেরিফিকেশন না থাকায় টাকা-১০,০০০/- (দশ হাজার) মাত্র জরিমানা করা হয়।

ii. ভোজন রেস্টুরেন্ট, কটিয়াদী বাসস্ট্যান্ড, কটিয়াদী এর নোংরা ও অপরিস্থর স্থানে ফার্মান্টেড মিল্ক প্রস্তুত, মোড়কজাত ও বাজারজাত হওয়ায় ও পিসিয়ার সনদ না থাকায় ঢাকা-১০,০০০/- (দশ হাজার) মাত্র জরিমানা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব শামীমা আফরোজ মারলিজ মহোদয়ের নেতৃত্বে পরিচালিত মোবাইলকোর্টে প্রসিকিউটর হিসেবে উপস্থিত ছিলেন বিএসটিআই, নরসিংদী অফিসের কর্মকর্তা জনাব কামরুল পলাশ, সহকারী পরিচালক (মেট্রোলজি)।

(ঘ) ১৫/০৪/২০২৬ তারিখে উপজেলা প্রশাসন, বেলাবো, নরসিংদী এবং বিএসটিআই আঞ্চলিক কার্যালয় নরসিংদী এর সমন্বয়ে বেলাবো উপজেলায় একটি মোবাইলকোর্ট পরিচালিত হয়। উক্ত মোবাইল কোর্টে:-

i. আর আর পি এগ্রোফার্মস (ইউনিট-৩), হোসেননগর, বেলাবো প্রতিষ্ঠানটি বিএসটিআই হতে গুনগত মান পরীক্ষণ বাতীত পোলট্রি ফিড ও ফিস ফিড পণ্য উৎপাদন ও বিক্রি করায় "বিএসটিআই আইন২০১৮" এর সংশ্লিষ্ট ধারা লংঘনের দায়ে সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব আজিজ সারতাজ জায়েদ মহোদয়ের নিকট মামলা দায়ের করা হয়। প্রতিষ্ঠানটিকে টাকা-৩০,০০০/- (ত্রিশ হাজার) মাত্র জরিমানা করে তা আদায় করা হয় এবং অতিদ্রুততম সময়ের মধ্যে বিএসটিআই হতে গুনাগত মান পরীক্ষণপূর্বক পোল্ট্রি ফিড ও ফিস ফিড পণ্যের অনুকূলে সিএম লাইসেন্স গ্রহণের বিষয়ে অঙ্গীকারনামা গ্রহণ করা হয়।



৭

ii. মেসার্স এল, এন ভূইয়া ফিলিং স্টেশন, বারৌচা প্রতিষ্ঠানের ডিস্পেনসিং ইউনিটসমূহ পরীক্ষা করে প্রতি ১০লি: এ ৫০০মি:লি: কম পাওয়ায় "ওজন ও পরিমাণ মানদন্ড আইন ২০১৮" এর সংশ্লিষ্ট ধারায় প্রতিষ্ঠানটিকে টাকা-১০,০০০/- (দশ হাজার) মাত্র জরিমানা আদায় করা হয়। উক্ত মোবাইলকোর্টে প্রসিকিউটর হিসেবে উপস্থিত ছিলেন বিএসটিআই, নরসিংদী অফিসের কর্মকর্তা জনাব এ এফ এ মহাসিবুল হাসান, ফিল্ড অফিসার (সিএম) ও জনাব মিলন হোসেন, পরিদর্শক (মেট্রোলজি)। এছাড়া ও উপস্থিত ছিলেন জনাব মো: কামরুল পলাশ, সহকারী পরিচালক (মেট্রোলজি), বিএসটিআই, নরসিংদী।

(ঙ) গত ০১/০৩/২০২৬ তারিখে 'স্বদেশী মুড়ি' নামীয় মুড়ির ব্র্যান্ড বিএসটিআই'র অনুমোদন ব্যতিত নিম্নমানের মুড়ি বাজারজাত করে আসছে বলে অভিযোগ পাওয়া যায়। অভিযুক্ত প্রতিষ্ঠানটিতে অভিযান পরিচালনা করা হয় হয়েছে এবং পণ্যের অনুকূলে সিএম লাইসেন্স গ্রহণের বিষয়ে অঙ্গীকারনামা গ্রহণ করা হয়।

(চ) গত ০১/০৩/২০২৬ তারিখে মা বাবার আশির্বাদ মুড়ির মিলস বিএসটিআই'র অনুমোদন ব্যতিত নিম্নমানের মুড়ি দীর্ঘদিন যাবৎ বাজারজাত করে আসছে বলে জনাব মুন্না খান একটি অভিযোগ করেন। অভিযুক্ত প্রতিষ্ঠানটিতে অভিযান পরিচালনা করা হয় হয়েছে এবং পণ্যের অনুকূলে সিএম লাইসেন্স গ্রহণের বিষয়ে অঙ্গীকারনামা গ্রহণ করা হয়।

(ছ) কুড়িগ্রাম জেলার নাজিম খান এলাকার মেসার্স সামি ফুড এন্ড এগ্রো ফার্ম এর স্বত্তাধিকারী জনাব মোঃ জামাল হেসেন বিএসটিআই রংপুর অফিস বরাবর গত ২৫/০৩/২০২৬ তারিখে মেসার্স সুমা এন্টারপ্রাইজ এর বিরুদ্ধে লিখিত অভিযোগ প্রদান করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে গত ২৫/০৩/২০২৬ তারিখে মেসার্স সুমা এন্টারপ্রাইজ এর কারখানায় সার্ভিলেন্স অভিযান পরিচালনা করা হয় এবং অভিযোগটি নিষ্পন্ন করা হয়।

(জ) Online ভিত্তিক Global TV এর জনৈক সাংবাদিক মোবাইল ফোনের মাধ্যমে গত ২৯/০৪/২০২৬ তারিখে মেসার্স সাঈদ ফিলিং স্টেশন এর বিরুদ্ধে পরিমাণে কম দেওয়ার অভিযোগ করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে গত ২৫/০৩/২০২৬ তারিখে জেলা প্রশাসন রংপুর এর সহযোগিতায় একটি মোবাইলকোর্ট পরিচালিত হয় এবং পরিমাপে কম দেওয়ায় ১৫,০০০,০০ (পনোরো হাজার) টাকা জরিমানা করা হয়।